# মৎস্য সঙ্গনিরোধ বিধিমালা, ২০২৩ (খসড়া)

**১। শিরোনাম।**– (১) এই বিধিমালা "মৎস্য সঙ্গনিরোধ বিধিমালা, ২০২৩' নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা**।–বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(১) '**অনাপত্তিপত্র**' অর্থ এই বিধির ১১ অনুসারে জারিকৃত অনাপত্তিপত্র।

(২) '**আইন**' অর্থ মৎস্য সঙ্গনিরোধ আইন, ২০১৮(২০১৮ সনের ৬৮নং আইন);

(৩) '**তফসিল**' অর্থ এই বিধিমালার তফসিল;

(৪) '**ধারা**' অর্থ মৎস্য সঙ্গনিরোধ আইন, ২০১৮ এর ধারাসমূহ;

(৫) '**নিবন্ধিত হ্যাচারি**' অর্থ হ্যাচারি আইন ২০১০ ও উহার অধীনে প্রণীত হ্যাচারি বিধিমালা,২০১১ এর আওতায় নিবন্ধিত হ্যাচারি;

(৬) '**ফরম**' অর্থ এই বিধিমালায় অন্তর্ভুক্ত সকল ফরম;

(৭) '**বাহারি মৎস্য**' অর্থ এ্ই বিধির তফসিল -৩ এর অন্তর্ভুক্ত যে কোন একটি বা সকল বিনোদনমূলক মৎস্য প্রজাতি বা উহাদের জীবণচক্রের যে কোন অবস্থা।

(৮) '**ব্রুড মৎস্য**' অর্থ পূর্ণ বয়স্ক পুরুষ বা স্ত্রী মৎস্য যথাক্রমে যাহার শুক্র বা ডিম্ব আকারে পুরুষ বা স্ত্রী গোনাড আছে এবং যাহা প্রজনন কাজে ব্যবহার উপযোগী বা ব্যবহার করা হয়।

(৯) '**মহাপরিচালক**' অর্থ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর;

(১০) '**মৎস্য বীজ (Fish seed)**' অর্থ নিষিক্ত ডিম্ব, রেণু (spawn), পোনা, এবং চিংড়ির ক্ষেত্রে পোস্ট লার্ভি বা প্যারেন্ট পোস্ট লার্ভি;

(১১) '**লট**' অর্থ এই বিধির অধীন আমদানিকৃত পণ্যের একটি কনসাইনমেন্টের সম্পূর্ণ বা অংশ বিশেষ যাহা রপ্তানিকারক কর্তৃক প্যাকিং দ্রব্যাদি দ্বারা মোড়কবদ্ধ করা এবং একটি নির্দিষ্ট সময়ে বা তারিখে প্রস্তুতকৃত বা উৎপাদিত;

(১২) '**সঙ্গনিরোধ মেয়াদ**' অর্থ আমদানিতব্য বা আমদানিকৃত ব্রুড মৎস্য, মৎস্য বীজ, নিষিক্ত ডিম্ব, বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রয়োপ্রিজার্ভড এবং উপকারি জীবাণূর সঙ্গনিরোধ সনদ প্রদানের জন্য সংগনিরোধ ব্যবস্থাপনাধীনে রাখিয়া স্বাস্থ্যগত ঝুঁকিনির্ধারণের জন্য মহাপরিচালক কর্তৃক নির্দিষ্টকৃত সময়;

(১৩) '**সঙ্গনিরোধ সনদ**' অর্থ সঙ্গনিরোধ স্টেশনে রাখিয়া আমদানিতব্য বা আমদানিকৃত ব্রুড মৎস্য, মৎস্য বীজ, নিষিক্ত ডিম্ব, বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রয়োপ্রিজার্ভড এবং উপকারি জীবাণূর স্বাস্থ্যগত ঝুঁকি পরীক্ষা করিয়া মহাপরিচালক কর্তৃক নির্দিষ্টকৃত ফরমে জারিকৃত বা তথ্য সম্বলিত সনদ।

(১৪) '**সঙ্গনিরোধ স্টেশন**' অর্থে সঙ্গনিরোধ কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় সুবিধা সংবলিত মহাপরিচালক ঘোষিত স্থাপনা/অবকাঠামো ;

(১৫) '**স্বাস্থ্য সনদ**' অর্থ বিধি এর উপবিধি এর অধীন রপ্তানিকারী দেশের এক্রিডেটেড উপযুক্ত কর্তৃপক্ষ রপ্তানিকতব্য ব্রুড মৎস্য, মৎস্য বীজ, নিষিক্ত ডিম্ব, বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রয়োপ্রিজার্ভড এবং উপকারি জীবাণূ এর স্বাস্থ্যগত ঝুঁকি সম্পর্কে ইস্যকৃত নির্দিষ্ট সনদ।

**৩। ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড, মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ আমদানি ইত্যাদি ।-** (১) আইন ও এই বিধির অধীনে ও পদ্ধতিতে নিচে বর্ণিত উদ্দেশ্যে ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড, মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ আমদানি করা যাইবে –

(ক) নিবন্ধিত হ্যাচারিতে এই বিধি মোতাবেক ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্টিভ উৎপাদন এবং

(খ) সরকার স্বীকৃত কোন শিক্ষা বা গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্টিভ এর উপর গবেষণা ও শিক্ষা কার্যক্রমে ব্যবহার।

(২) তফসিল -১ উল্লিখিত প্রজাতির ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা উহাদের ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড ও তফসিল-২ এ উল্লিখিত উপকারি জীবাণূ আমদানি করা যাইবে।
(৩) তফসিল -১ বা তফসিল-২ এ বর্ণিত অতিরিক্ত যে কোন প্রজাতির ব্রুড মৎস্য বা উহার মৎস্য বীজ বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ উপবিধি (৪) এ গঠিত কমিটির সুপারিশ মোতাবেক মহাপরিচালক প্রজ্ঞাপন জারির মাধ্যমে তফসিল-১ বা তফসিল-২ এর অন্তর্ভুক্ত করিতে পারিবেন।
(৪) আমদানিতব্য মৎস্য বা উপকারি জীবাণুর যে জাত বা প্রজাতি বাংলাদেশে স্থানীয়ভাবে চাষের বা লালনপালনের আওতায় নাই বা এই বিধির অধীনে তালিকাভূক্ত নহে এইরূপ মৎস্যপ্রজাতি আমদানির জন্য নিচে বর্ণিত কমিটির সুপারিশ গ্রহণ করিতে হইবে।
(ক) মৎস্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক- আহবায়ক
(খ)চিফ ভেটেরিনারি অফিসার, প্রাণিসম্পদ অধিদপ্তর – সদস্য
(গ) বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউশনের প্রতিনিধি মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা নিচের পদের নহে - সদস্য
(ঘ) সরকার কর্তৃক মনোনীত -(অ) সরকার স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয়ের মৎস্য অনুষদ বা বিভাগের একজন শিক্ষক - সদস্য
(আ) একজন রেজিস্টার্ড মৎস্য হ্যাচারির মালিক - সদস্য
(চ) মৎস্য অধিদপ্তরের উপপরিচালক (মৎস চাষ), যিনি কমিটির সদস্য সচিব হইবেন।
(ঙ) উপবিধি (৪)তে উল্লিখিত কমিটির মনোনীত সদস্যগণের মেয়াদ ও শর্ত সরকারের অনুমোদন সাপেক্ষে মহাপরিচালক নির্ধারণ করিতে পারিবেন ও মনোনীত সদস্যগণের মেয়াদান্তে নতূনভাবে তাহাদের স্থলাভিষিক্ত সদস্য মনোনীত করিতে পারিবেন।
(৫) মহাপরিচালক প্রয়োজনসাপেক্ষে উপবিধি (৫) বর্ণিত কমিটির গঠনের উদ্যোগ গ্রহণ করিবেন এবং উহার কার্যপরিধি নির্ধারণ করিয়া প্রজ্ঞাপন জারি করিবেন ও প্রয়োজনে সময়ে সময়ে উহা হালনাগাদ করিতে পারিবেন।

৪। **বাহারি মৎস্য ( ornamental fish) আমদানি** ।- (১) বাহারি মৎস্য আমদানির ক্ষেত্রে বিধি ৩ এর বিধান প্রয়োগযোগ্য হইবে না।
(২) হ্যাচারি আইন, ২০১০ ও উহার অধীনে প্রনীত হ্যাচারি বিধিমালা, ২০১১ এর দ্বারা রেণু ও পোনা উৎপাদনের জন্য নিবন্ধিত কোন হ্যাচারি ব্যতীত অন্য কোন ব্যক্তি বানিজ্যিক উদ্দেশে সরাসরি বিক্রয় বা লালনপালনের জন্য কোন প্রজাতির বাহারি মৎস্য আমদানি করিতে পারিবেন না।
(২) একটি অনাপত্তিপত্রের বিপরীতে তফসিল-৩ এ বর্ণিত প্রতিটি প্রজাতির অনধিক ২০০ (দুই শত) টি বাহারি ব্রুড মৎস্য আমদানি করিতে পারিবেন।
(৩) উপবিধি (১) যাহাই উল্লেখ থাকুক তফসিল-৩ এ অন্তর্ভুক্ত নাই এইরূপ বাহারি মৎস্যে বিধি ৩ এর উপবিধি (৪) এর কমিটির সুপারিশের ভিত্তিতে মহাপরিচালক প্রজ্ঞাপন জারির মাধ্যমে তালিকাভূক্তি করিতে পারিবেন।
(৩) মহাপরিচালক নির্দেশিত ফরমে আমদানিকারক হ্যাচারি মালিক বাহারি মৎস্যের মজুদ এবং উহার পোনা ও পূর্ণ বয়স্ক বাহারি মৎস্য বিক্রয়ের তথ্য সংরক্ষণ করিবেন।
(৪) মহাপরিচালক এই বিধি প্রকাশের অনধিক ১৮০ (একশত আশি) দিনের মধ্যে বাহারি মৎস্যের পোনা উৎপাদন, উহার হ্যাচারি ব্যবস্থাপনা, ব্যবহৃত পানি ও মৃত/অপসারণযোগ্য বাহারি মৎস্য নিস্পত্তির বিষয়ে নির্দেশমালা প্রস্তুত করিয়া প্রকাশ করিবেন এবং বাহারি মৎস্যের হ্যাচারি মালিক ও পালনকারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৫) উপবিধি (৪) মোতাবেক প্রকাশিত নির্দেশমালা মহাপরিচালক সংশোধনসহ পুণঃপ্রকাশ করিতে পারিবেন।
(৬) জীবিত বা মৃত কোন বাহারি মৎস্য নদী, খাল, বিল বা নদী সংযোগকারী কোন নালায় ছাড়িয়া বা ফেলিয়া দেওয়া যাইবে না।
(৭) মৎস্য সংগনিরোধ কর্মকর্তা বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট কোন বাহারি মৎস্য প্রাকৃতিক মৎস্য সম্পদ বা চাষকৃত মৎস্য সম্পদের জন্য ক্ষতিকর প্রতীয়মান হইলে বা মহাপরিচালক প্রজ্ঞাপন জারির মাধ্যমে নিষিদ্ধ ঘোষণা করিলে বা তফষিল-৩ এর তালিকাভুক্ত না হইলে এবং এই বিধিতে বর্ণিত পদ্ধতি ব্যতীত আমদানি করিলে উহা যেখানে যে অবস্থায় পাওয়া যাইবে বিনামূল্যে আটকপূর্বক মাটিতে পুতিয়া ধ্বংস করিবেন।
(৮) উপবিধি (৭) এর অধীন আটক বাহারি মৎস্য ধ্বংস করা হলে উহার বাবদ মালিক বা আমদানিকারক বা হ্যাচারি মালিক কোন ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না।

৫। **মৎস্যপণ্য আমদানি ইত্যাদি।**– (১) মৎস্যপণ্য আমদানির ক্ষেত্রে মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) আইন ২০২০ ও উহার অধীন প্রণীত বিধির বিধানাবলী প্রযোজ্য হইবে, তবে আইন বা এই বিধি অনুসারে বন্দরে আগত জাহাজ বা উহাতে রক্ষিত কনটেইনারে সংরক্ষিত মৎস্যপণ্য আমদানিকৃত হইলে মৎস্য সংগনিরোধ কর্মকর্তা উহা পরিদর্শন করিতে পারিবেন এবং পরিদর্শনকালে উক্ত মৎস্যপন্য আমদানি সংশ্লিস্ট কাগজাদি যাঁচাই ও ভৌতমান বিষয়ে মতামতসহ মহাপরিচালক বা নিকটস্থ উপপরিচালক (মান নিয়ন্ত্রণ)কে লিখিতভাবে অবহিত করিবেন এবং পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করিতে পারিবেন।
(২) মহাপরিচালক বা মহাপরিচালককে অবহিত করিয়া এক্তিয়ারসম্পন্ন উপপরিচালক (মাননিয়ন্ত্রণ) বন্দরে রক্ষিত আমদানিকৃত মৎস্যপণ্য বিষয়ে কোন কার্যক্রম পরিচালনার জন্য মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তাকে কোন লিখিত আদেশ প্রদান করিলে মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তা উহা প্রতিপালন করিবেন।

৬। **উপকারি জীবাণু (Probiotics) আমদানি**।– (১) কোন হ্যাচারি মালিক বা মৎস্যখাদ্য বা উহার উপকরণ উৎপাদনকারী বা ব্যবসায়ী মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন,২০১০ এবং তৎ অধীনে প্রণীত মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১ বর্ণিত পদ্ধতিতে আমদানি করিতে পারিবেন।
(২) মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১ এর তফসিলে উল্লেখ নাই এইরূপ কোন উপকারি জীবাণূ এই বিধির তফসিলভূক্ত থাকিলে উহার জন্য আমদানির ক্ষেত্রে মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১ বর্ণিত পদ্ধতি প্রয়োগযোগ্য হইবে।

**৭। মৎস্য বা উপকারি জীবাণূর মোড়ক, কার্টুন বা পাত্র চিহ্নিতকরণ ইত্যাদি।** (১) যে মোড়ক, কার্টুন বা পাত্রে ব্রুড মৎস্য, মৎস্য বীজ বা উপকারী জীবাণু বা বাহারি মৎস্য সংরক্ষন করা হইবে বা রাখিয়া পরিবহন করা হইবে উহার আকার ও যে উপকরণ দ্বারা প্রস্তুত করিতে হইবে তাহা মহাপরিচালক অনুমতিপত্রে নির্দিষ্ট করিয়া দিতে পারিবেন।

(২) পরিবেশবান্ধব এবং প্রকৃতিতে সহজে পচনযোগ্য মোড়ক, কার্টুন বা পাত্র সংরক্ষন করা হইবে বা রাখিয়া পরিবহন করার কাজে ব্যবহার উৎসাহিত করিতে হইবে ।

(৩) আমদানির ক্ষেত্রে উপবিধি (১) বর্ণিত মোড়ক, কার্টুন বা পাত্রের গায়ে ইংরেজি এবং রপ্তানিকারি দেশের নিজ ভাষা বা বাংলা ভাষায় নিম্নবর্ণিত তথ্য লেবেলে স্পষ্টভাবে লিখিত থাকিতে হইবে -

(ক) ব্রুড মৎস্য, মৎস্য বীজ বা উপকারী জীবাণু বা বাহারি মৎস্য যাহাই হউক বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রির্জার্টিভ যে মৎস্য হইতে সংগৃহীত উহার সাধারণ নাম ও বৈজ্ঞানিক নাম ।

(খ) রপ্তানিকারী দেশের উৎপাদনকারীর হ্যাচারি চিহ্নিত করিবার জন্য এলাকা, হ্যাচারির নাম এবং ক্ষেত্রমতে প্রক্রিয়াকারীর প্রতিষ্ঠানের নাম ও ওয়েবসাইটসহ ঠিকানা উল্লিখিত থাকিতে হইবে।

(গ) ব্রুড মৎস বা বাহারি মৎস্য বা মৎস্য বীজ বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্টিভ ক্ষেত্রে প্যাকেটে রক্ষিত উহার মোট সংখ্যা বা ওজন, প্রতিটির বা ক্ষেত্রমতে গড় আকার বা ওজন ও বয়স (দিন) এবং উপকারি জীবাণুর নিস্কাষিত বা প্রকৃত ওজন (কিলোগ্রাম বা গ্রাম বা টন) বা সংখ্যায় প্রকাশযোগ্য হইলে সংখ্যায় উল্লেখ করিতে হইবে।

(ঘ) প্যাকিং করার তারিখ, ক্ষেত্রমতে যে তাপমাত্রায়, পানিতে অক্সিজেনের মাত্রায়, পানির পিএইচ (ph) এ, লবনাক্ততায় বা মৎস পণ্যের ক্ষেত্রে প্রক্রিয়াজাতকরণের প্রতিটি ধাপের তারিখ এবং সংরক্ষণযোগ্য তাপমাত্রা, আর্দ্রতা এবং আলোর তীব্রতা ও ব্যবহার উপযোগিতার মেয়াদ উল্লেখ করিতে হইবে।

(ঙ) ব্রুড মৎস্যে বা বাহারি মৎস্যের ক্ষেত্রে উহার চাষের পদ্ধতি এবং বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্টিভ ক্ষেত্রে উহার সংগ্রহ বা ব্যবহার পদ্ধতি বর্ণনা সমেত ব্রোসিউর (brochure) থাকিতে হইবে।

(চ) শিফট কোড, ব্যাচ ও লট নম্বর, সরাসরি অক্ষরে বা পাঠোদ্ধারযোগ্য ই-কোডেও যে ভাবেই হোক উল্লেখ করিতে হইবে।

(ছ) ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা উহার ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বহনকারী পরিবহনের চালক বা স্কিপারের বা ক্যাপটেনের নিকট পরিবহনে রহিয়াছে এইরূপ সকল ব্রুড মৎস্য বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড স্বাস্থ্য সনদসহ দলিলাদি থাকিতে হইবে এবং কাস্টমস কর্মকর্তা বা বন্দর কর্তৃপক্ষ বা মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তা কর্তৃক তাহাকে উহা উপস্থাপনের জন্য বলা হইলে তিনি উহা উপস্থাপন করিবেন।

৮। **ক্ষমতা অর্পণ।—** মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তার এক্তিয়ারাধীন বন্দর বহির্ভূত এলাকার জন্য মহাপরিচালক এক্তিয়ারাধীন এলাকা বিবেচনা করিয়া আইন ও এই বিধির উদ্দেশ্য অর্জনে যে কোন দায়িত্ব বা কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের জন্য লিখিত আদেশ দ্বারা জেলা মৎস্য কর্মকর্তা বা সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বা উপজেলা মৎস্য কর্মকর্তা বা সঙ্গনিরোধ স্টেশনে কর্মরত কর্মকর্তাদের ক্ষমতা প্রদান করিতে পারিবেন এবং এইরূপ কর্মকর্তা এই বিধির অধীন কার্য নির্বাহের জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে গণ্য হইবেন।

**৯। মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ, ইত্যাদি।-** সঙ্গনিরোধ স্টেশনে কর্মকর্তা ও কর্মচারিগণ সরকার অনুমোদিত মৎস্য অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত হইবে এবং উহাদের পদ বিবেচনা সাপেক্ষে বলবৎ ক্যাডার বা নন ক্যাডার বা কর্মচারি নিয়োগ বিধিমালার অধীন হইবে।

**১০। বৈধ আমদানি বা রপ্তানি লাইসেন্স ব্যতীত আমদানি নিষিদ্ধ । —** (১) ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্য বা উহার ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড আমদানির ক্ষেত্রে মৎস্য অধিদপ্তর হইতে অনাপত্তিপত্র প্রাপ্তির জন্য আমদানি ও রপ্তানি নিয়ন্তণ দপ্তর হইতে ইস্যুকৃত বৈধ আমদানি বা রপ্তানি লাইসেন্স থাকিতে হইবে ।

(২) উপবিধি (১) বর্ণিত লাইসেন্স বৈধ হইবে যদি উহা মেয়াদোত্তীর্ণ না হয় বা সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক উহা বাতিল ঘোষণা না করা হয়।

১১। **আমদানি অনাপত্তিপত্রের জন্য আবেদন দাখিল, অনাপত্তিপত্র প্রস্তুত, জারি ইত্যাদি।—** । - (১) ) ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড আমদানির ক্ষেত্রে

অনাপত্তিপত্র প্রাপ্তির জন্য আবেদন মহাপরিচালক বা এই উদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বরাবরে নির্দিষ্ট ফরম-১ এ বর্ণিত কাগজাদি সমেত সরাসরি হার্ডকপিতে বা মহাপরিচালক নির্ধারিত ওয়েবলিংকে ই-ফর্মে বা ই-মেইলে উহাতে উল্লিখিত সংশ্লিষ্ট স্ক্যানকৃত কাগজাদি সংযুক্তি হিসাবে প্রদানপূর্বক দাখিল করা যাইবে ।
(২) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আবেদন প্রাপ্তির সাত দিনের মধ্যে ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড আমদানির ক্ষেত্রে প্রয়োজনে তদন্তক্রমে ও সংযুক্তি হিসাবে প্রদত্ত কাগজাদি যাঁচাইক্রমে, উল্লিখিত উদ্দেশ্যের যথার্থতা বিবেচনা করিয়া ফরম নং-৩ বা ফরম-৪ এ অনাপত্তিপত্র প্রস্তুত করিবেন এবং আবেদনকারীর নির্দেশিত ই-মেইল বা অন্য যে ভাবে প্রাপ্তির জন্য আবেদন উল্লেখ করা হইয়াছে, সে পদ্ধতিতে আবেদনকারীকে প্রদান করিবেন।

(৩) উপবিধি (২) এর অধীন প্রস্তুতকৃত অনাপত্তিপত্রের কপি সংশ্লিষ্ট এক্তিয়ার সম্পন্ন সঙ্গনিরোধ কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন এবং মৎস্য অধিদপ্তরের ওয়েব পেজে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আইনের ধারা ৯ এর উপধারা (৩) মোতাবেক সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা আমদানির জন্য যে শর্ত নির্ধারণ করিবে উহার সকল বা যে কোন এক বা একাধিক শর্ত অনাপত্তিপত্রে উল্লেখ করিতে পারিবেন এবং এইরূপে শর্ত উল্লেখ না করা হইলেও প্রযোজ্যতা অনুসারে শর্তসমুহ প্রয়োগযোগ্য হইবে।

**১২। অনাপত্তিপত্র প্রদানে অসম্মতি প্রদান।** - অনাপত্তিপত্রের জন্য অসম্পূর্ণ আবেদন ফরম বা ফরমে উল্লিখিত নির্ধারিত কাগজাদি সংযুক্ত না করা হইলে বা সরকারের লিখিত কোন নির্দেশনার পরিপ্রেক্ষিতে মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আবেদন গ্রহনে বা অনাপত্তিপত্র প্রদানে অসম্মতি জ্ঞাপন করিতে পারিবেন।

(২) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অনাপত্তিপত্র প্রদানে অসম্মতি জ্ঞাপন করিলে উহার কারণসহ বা ক্ষেত্রমতে কারণ উল্লেখ ব্যতীত আবেদনকারীকে ফরম-৫ এ অবহিত করিবেন।

(৩) অনুমতিপত্রের জন্য আবেদনমূলে অনাপত্তিপত্র প্রদান করা হউক বা না হউক উহা এক্তিয়ারসম্পন্ন মৎস্য সংগনিরোধ কর্মকর্তাকে অবহিত করিবেন।

**১৩। অনুমতিপত্রের মেয়াদ ইত্যাদি।-** (১) অনাপত্তিপত্রের মেয়াদ জারির তারিখ হইতে ১৮০ দিনের অধিক হইবে না এবং মেয়াদান্তে তাহা বাতিল হিসাবে গণ্য হইবে এবং অনুরূপ বাতিল অনাপত্তিপত্র ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড আমদানির জন্য গ্রহনযোগ্য হইবে না।

(২) আমদানি অনাপত্তিপত্র যে ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড ক্ষেত্রে জারি করা হইবে এবং যে প্রোফরমা ইনভয়েস এর বিপরীতে আবেদন করা হইয়াছে উহা ব্যতীত অন্য কোন ব্রুড মৎস্য, পোনা, রেণু ও চিংড়ির পোস্ট লার্ভি ও প্যারেন্ট পোস্ট লার্ভি, নিষিক্ত ডিম্ব, বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রয়োপ্রিজার্ভড এর জন্য গ্রহনযোগ্য হইবে না, তবে কোন কারণে উক্ত মেয়াদের মধ্য ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড আমদানি করিতে অসমর্থ হইলে আমদানিকারক সরকার বরাবরে কালন উল্লেখপূর্বক উহার মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করিতে পারিবেন এবং সরকারের নিকট উপযুক্ত প্রতীয়মান হইলে অতিরিক্ত ৯০ (নব্বই) দিন পর্যন্ত অনাপত্তিপত্রের মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।

(৩) আমদানিকারক আমদানি অনাপত্তিপত্রের শর্ত ভঙ্গ করিলে বা কোন বিশেষ পরিস্থিতিতে বা মৎস্য স্বাস্থ্য সমস্যার উদ্ভব হইলে বা মহামারির আশংকা থাকিলে বা যুক্তিসঙ্গত বৈজ্ঞানিক কারণে কর্তৃপক্ষ অনাপত্তিপত্রের মেয়াদ যে কোন সময়ে হ্রাস করিতে বা আমদানির অনুমতি বাতিল করিতে পারিবেন।

১৪।**পরিদর্শন, পরীক্ষা ও নমুনা সংগ্রহ, ইত্যাদি।**-(১) মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তা বন্দরে ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ বাহী যানবহন আগমন বিষয়ে আমদানিকারক কর্তৃক লিখিতভাবে অবহিত হইয়া বা বন্দর কর্তৃপক্ষ বা দায়িত্বরত কাস্টমস অফিসার কর্তৃক অবহিত হইলে আমদানিকারক ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সরবরাহকৃত কাগজাদি সমেত আমদানিকৃত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ পরিদর্শনের জন্য বাহন বা কনটেইনারে গুদামে প্রবেশ করিবেন এবং কাগজাদির আলোকে উহা যাঁচাই করিবেন।

(২) উপবিধি (১) অনুসারে যাঁচাইকালে –

(অ) আমদানিকৃত সকল ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ বাহ্যিকভাবে স্বাস্থ্য সনদ অনুসারে সুস্থ্য প্রতীয়মান হইলে নিজস্ব ব্যবস্থাপনায় সঙ্গনিরোধ করার পরামর্শসহ আমদানিকারকের অনুকুলে উহা ছাড়করণের জন্য কাস্টমস কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করিবেন এবং উহার কপি আমদানিকারকসহ মহাপরিচালক বরাবরে প্রেরণ করিবেন।

(আ) আমদানিকৃত সকল বা কোন একটি ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ বাহ্যিকভাবে যথাক্রমে অসুস্থ্য বা উপযুক্ত প্রতীয়মান না হইলে বা কোন ক্ষতিকারক জীবাণূ বিদ্যমান প্রতীয়মান হইলে কনসাইনমেন্টে সকল ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ তাৎক্ষণিকভাবে সরকারি সঙ্গনিরোধ স্টেশনে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করিবেন এবং সঙ্গনিরোধ স্টেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কাস্টমস কর্মকর্তা এবং আমদানিকারক বা তার প্রতিনিধিসহ মহাপরিচালককে অবহিত করিবেন।

(৩) কাস্টমস কর্মকর্তা অবহিত হইলে তাৎক্ষণিকভাবে প্রাপ্য শুল্ক আদায়ক্রমে সঙ্গনিরোধ কর্মকর্তার অনুকুলে উপবিধি (২) উল্লিখিত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ আমদানিকারীর অনুকুলে ছাড় করিবেন।

(৪) সঙ্গনিরোধ কর্মকর্তা কর্তৃক ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ ছাড় করিবার আদেশ সরকারি ভাবে কাস্টমস শুল্ক বা সরকারি প্রাপ্য অন্য কোন পাওনা হইতে বারিত করিবে না।

(৫) সঙ্গনিরোধের মেয়াদ অতিক্রান্ত হইলে ঝুঁকিমুক্ত হওয়া সাপেক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সঙ্গনিরোধ কর্মকর্তাকে অবহিত করিয়া ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ আমদানিকারক বা তাহার প্রতিনিধির অনুকুলে ছাড় করিবেন এবং মৎস্য সম্পদের জন্য ঝুঁকিমুক্ত না হইলে মাটিতে পুতিয়া ধ্বংস করিবেন।

**১৫। রোগ সংক্রমিত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ আটকাদেশ ইত্যাদি। (১)** অননুমোদিত ভাবে বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত স্বাস্থ্যসনদ ব্যতীত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ আমদানি করা হইলে বা রপ্তানিকারী দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত স্বাস্থ্যসনদ না থাকিলে বা দাখিল না করা হইলে বা উপস্থাপনে ব্যর্থ হইলে দেশের বিদ্যমান মৎস্য সম্পদের জন্য ঝুঁকিপূর্ণ বিবেচনাক্রমে কাস্টমস কর্মকর্তাকে অবহিত করিয়া সমস্ত কনসাইনমেন্ট প্যাকেজসহ মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তা মাটিতে পুতিয়া ধ্বংস করিবেন এবং এইরূপে নিস্পত্তির বিষয় মহাপরিচালক এবং আমদানিকারককে অবহিত করিবেন।

(২) **ব্রু**ড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ বন্দরে আনয়ন করা হইলে , উহা মৎস্য সম্পদের রোগজীবাণু পোষণকারী হিসাবে বৈজ্ঞানিকভাবে স্বীকৃত হইলে বা মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তার নিকট উপযুক্ত বিজ্ঞানভিত্তিক কারণে

সন্দেহযুক্ত প্রতীয়মান হইলে সংক্রমিত না হইলেও আটক করিবেন এবং এই বিধির উপবিধি (১) মোতাবেক নিষ্পত্তি করিবেন।

**(২)** মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তা অনুমোদিতভাবে আমদানিতব্য বা আমদানিকৃত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ যাহা রোগজীবাণু পোষণকারী হিসাবে সন্দেহযুক্ত বা সংক্রমিত, বন্দরে আগত হইবে মর্মে যে কোনভাবে তথ্য প্রাপ্ত হইলে বা কোন রোগাক্রান্ত এলাকা হইতে আমদানি করা হইতেছে মর্মে কোন প্রতিবেদন প্রাপ্ত হইলে উক্তরূপ বাহন বন্দরে প্রবেশ বা উহাতে রক্ষিত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ কনটেইনার বা প্যাকেট অবতরণের অনুমতি প্রদান না করিবার জন্য ও প্রবেশ বা অবতরণ করিলে কনটেইনার বা প্যাকেট অবতরণ ছাড়াই যানবাহনকে রপ্তানিকারি দেশে ফেরত পাঠাইবার জন্য লিখিতভাবে বন্দর কর্তৃপক্ষ ও কাস্টমস কর্তৃপক্ষকে অবহিত করিবেন এবং উহার অনুলিপি মহাপরিচালককে প্রদান করিবেন।

**১৬। সম্মতিক্রমে বা অসম্মতিতে কোনো ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ নিষ্পত্তি।**– (১) কোন ব্যক্তির সম্মতিক্রমে বা অসম্মতিতে বন্দরে আগত কোনো ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ বন্দর কর্তৃপক্ষ বা কাস্টমস কর্তৃপক্ষ প্রাপ্ত হইলে উহা আটক করিবেন এবং তাৎক্ষণিকভাবে বন্দরে কর্মরত মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তাকে অবহিত করিবেন।

(২) আটককৃত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ দাবিদার না পাওয়া যাইলে এমন কোন দেশ বা এমন কোন এলাকা হইতে আমদানি করা হইয়াছে যাহা আন্তর্জাতিক বা আঞ্চলিক কোন সংস্থা দ্বারা বা উক্ত দেশের সরকার কর্তৃক সংক্রামক রোগাক্রান্ত এলাকা হিসাবে ঘোষণা করা হইয়াছে, উহা নিজ দায়িত্বে গ্রহণপূর্বক আটককৃত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ মাটির নিচে পুতিয়া ধ্বংস করিবেন এবং মহাপরিচালককে লিখিতভাবে অবহিত করিবেন।

(৩) আটককৃত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূর দাবিদারসহ অনুকুলে রপ্তানিকারী দেশ হইতে জারিকৃত কোন স্বাস্থ্য সনদ পাওয়া যাইলে বা স্বাস্থ্যসনদ উপস্থাপনে সমর্থ হইলে বা এমন কোন দেশ বা এমন কোন এলাকা হইতে আমদানি করা হইয়াছে যাহা আন্তর্জাতিক বা আঞ্চলিক কোন সংস্থা দ্বারা বা উক্ত দেশের সরকার কর্তৃক সংক্রামক রোগাক্রান্ত এলাকা হিসাবে ঘোষণা করা হইয়াছে, উহা নিজ দায়িত্বে গ্রহণপূর্বক আটককৃত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ আইন ও এই বিধি অনুসারে সঙ্গানিরোধের প্রয়োজন হইলে উহা সঙ্গানিরোধ স্টেশনে প্রেরণ করিবেন অন্যথায় ছাড়করণের জন্য কাস্টমস অফিসারকে অবহিত করিবেন এবং মহাপরিচালককে অনুলিপি প্রদান করিবেন।

(৪) আটককৃত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ রোগাক্রান্ত হইলে উহা যদি গবেষণার জন্য আনয়ন করা হইয়া থাকে তবে রোগজীবাণূ প্রবেশ নিরোধকপাত্রে প্যাকিংপূর্বক দাবিদারের অনুকুলে ছাড় করিবার জন্য কাস্টমস অফিসারকে অবহিত করিবেন এবং মহাপরিচালককে অনুলিপি প্রদান করিবেন।

**১৭। মৎস্য রোগজীবাণু সীমাবদ্ধকরণ (containment) বা নির্মূলকরণ (eradication)।**– **(১)** মহাপরিচালক যে কোনো ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ জেনেটিক্যালি মডিফাইড অর্গানিজমস্, লিভিং

মডিফাইড অর্গানিজমস্ ও এলিয়েন ইনভেসিউ স্পেসিস, জার্মপ্লাজম, প্যাকিং দ্রব্যাদি, ক্ষতিকারক রোগজীবাণু অথবা সমজাতীয় অন্য যে কোনো দ্রব্য, যাহা মৎস্য রোগজীবাণু পোষণকারী ও বিস্তারকারী, এলাকা এবং সময় নির্দিষ্ট করিয়া উহার আমদানি, অনুপ্রবেশ, প্রবর্তন, বিক্রয়, চাষাবাদ, বংশবৃদ্ধিকরণ বা পরিবহণ নিষিদ্ধ বা বাধা-নিষেধ আরোপ করিযা আদেশ জারি করিবার জন্য লিখিতভাবে সরকারকে অবহিত করিতে পারিবেন।

(২) সরকার উপবিধি (১) অনুসারে এইরূপ অবহিত করিবার পূর্বে বিধি ৪ এর উপবিধি (৪) মোতাবেক গঠিত কমিটির সুপারিশ গ্রহণ করিবেন।

**(৩)** সরকার উপবিধি (১) অনুসারে এইরূপ অবহিত হইলে জরুরিভাব মৎস্য রোগজীবাণূ বা নির্মূলকরণে ব্যবস্থা গ্রহণ বিষয়ে সরকারি গেজেটে প্রজ্ঞাপন জারি করিবেন।

**১৮। সংক্রামক রোগজীবাণু হিসাবে ঘোষণা।**—(১) বিভাগীয় উপরিচালক অধিদপ্তরের জেলা বা উপজেলা দপ্তর হইতে কোন ক্ষতিকারক রোগজীবাণু মৎস্য উৎপাদন, বা প্রাকৃতিক পরিবেশের জন্য মহামারির কারণ হইয়া দাড়ায় বা মহামারির কারণ হইবার সম্ভাবনা আছে, এমন লিখিত প্রতিবেদন প্রাপ্ত হইলে বা অন্য কোন ভাবে অবহিত হইলে স্বীয় উদ্যোগে উক্ত এলাকা পরিদর্শনপূর্বক সংক্রামক রোগজীবাণূ ঘোষণার জন্য রোগ বা জীবাণুর নাম, আক্রান্ত প্রজাতি ভিত্তিক মৎস্য এবং সম্ভাব্য ক্ষতির পরিমান ও বিস্তারের হার উল্লেখপূর্বক প্রস্তাবনাসহ প্রতিবেদন মহাপরিচালকের নিকট প্রেরণ করিবেন।

(২) উপবিধি (১) মোতাবেক প্রতিবেদন প্রাপ্ত হইয়া মহাপরিচালক অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক ও প্রাণিসম্পদ অধিদপ্তরের চিফ ভেটেরিনারি অফিসারের সমন্বয়ে একটি কমিটির মাধ্যমে সরেজমিন যাঁচাইপূর্বক প্রাপ্ত মতামতের ভিত্তিতে ধারা ১৮ এর উপধারা (১) অনুসারে সংক্রামক রোগজীবাণু হিসাবে ঘোষণা করিবার জন্য প্রজ্ঞাপনের খসড়াসহ প্রস্তাবনা সরকারের নিকট প্রেরণ করিবেন এবং সরকার বিধি ১৭ এর উপবিধি (৩) অনুসারে প্রজ্ঞাপন জারি করিবে।

**১৯। সংক্রমিত এলাকাকে নিয়ন্ত্রিত এলাকা হিসাবে ঘোষণা এবং মৎস্য সঙ্গনিরোধ কার্যক্রম পরিচালনা। -** (১) বিভাগীয় উপরিচালক অধিদপ্তরের জেলা বা উপজেলা দপ্তর হইতে ক্ষতিকারক রোগজীবাণু দ্বারা সংক্রমিত এলাকা অথবা সংক্রমিত হইয়াছে বা হইতেছে এমন লিখিত প্রতিবেদন প্রাপ্ত হইলে বা অন্য কোন ভাবে অবহিত হইলে স্বীয় উদ্যোগে উক্ত এলাকা পরিদর্শনপূর্বক নিয়ন্ত্রিত এলাকা ঘোষণার জন্য নক্সাসহ এলাকার বিবরণী, আক্রান্ত জলাশয়ের আয়তন, রোগ বা জীবাণুর নাম, আক্রান্ত প্রজাতি ভিত্তিক মৎস্য এবং সম্ভাব্য ক্ষতির পরিমান উল্লেখপূর্বক প্রস্তাবনাসহ প্রতিবেদন মহাপরিচালকের নিকট প্রেরণ করিবেন।

(২) উপবিধি (১) মোতাবেক প্রতিবেদন প্রাপ্ত হইয়া মহাপরিচালক অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক ও প্রাণিসম্পদ অধিদপ্তরের চিফ ভেটেরিনারি অফিসারের সমন্বয়ে একটি কমিটির মাধ্যমে সরেজমিন যাঁচাইপূর্বক প্রাপ্ত মতামতের ভিত্তিতে ধারা ১৯ এর উপধারা (ক) অনুসারে নিয়ন্ত্রিত এলাকা হিসাবে ঘোষণা করিবার জন্য প্রজ্ঞাপনের খসড়াসহ প্রস্তাবনা সরকার বরাবরে প্রেরণ করিবেন।

(৩) উপবিধি (২) এর আলোকে নিয়ন্ত্রিত এলাকা ঘোষিত হইলে সরকার অধিদপ্তরকে উক্ত এলাকায় ধারা ১৯ এর উপধারা (গ) ও উপধারা (ঘ) মোতাবেক কার্যক্রম পরিচালনার ব্যবস্থা গ্রহণের জন্য আদেশ প্রদান করিবে।

**২০।ফিস ও মাসুল।**— সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন জারির মাধ্যমে ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ পরীক্ষণ অথবা উক্ত মৎস্য, মৎস্যপণ্য, উপকারী জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি ধ্বংস, অপসারণ বা শোধনের জন্য ফিস ও মাসুল নির্ধারণ করিবে।

ব্যাখ্যা: নির্ধারণ অর্থে পুণঃ নির্ধারণকেও বুঝাইবে।

**২১। মৎস্য সঙ্গনিরোধ স্টেশন স্থাপনায় সুবিধাদি ইত্যাদি।**— (১) সরকার নিম্নবর্ণিত সুবিধাদিসমেত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্য বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ সঙ্গনিরোধের জন্য মৎস্য সঙ্গনিরোধ স্টেশন স্থাপন করিবে।

(ক) অন্যূন চারটি ভিন্ন প্রজাতির ব্রুড মৎস্য বা উহার পোনা বা রেণুর স্বাস্থ্য যাঁচাইয়ের উপযুক্ত পরিবেশসহ ল্যাবরেটরি কাম লালন পালন কক্ষ;
(খ) সঙ্গানিরোধ স্টেশন চত্বরসহ কক্ষসমুহের অকাঠামো ও জৈবিক নিরাপত্তা ;
(গ) ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ স্পষ্টভাবে পর্যবেক্ষণ করিবার জন্য কক্ষে পর্যাপ্ত আলোর এবং প্রজাতিভিত্তিক তাপমাত্রা ও আর্দ্রতা নিয়ন্ত্রণের ব্যবস্থা ;
(ঘ) ব্রুড মৎস্য বা পোনা বা রেণু বা চিংড়ি বা উহার পোস্ট লার্ভি বা প্যারেন্ট পোস্ট লার্ভি **বা উপকারী জীবাণু ব্যবস্থাপনার চাহিদা বিবেচনা করিয়া** সঙ্গানিরোধের জন্য একই চত্বরে পৃথক কক্ষ কাম ল্যাবরেটরি ;
(ঙ) কক্ষে প্রবেশের এবং বাহির হইবার ও ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ গ্রহণের জন্য পৃথক প্রবেশপথ;
(চ) নিস্কাশিত পানি বাহিরে স্থাপিত ট্যাংকে জমা হইবার সৃযোগ এবং পরিশোধন ব্যতীত কোন জলাশয় বা রাস্তায় বা লোকালয়ে নিস্কাশন রোধ;
(ছ) ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ পরীক্ষা ও পর্যবেক্ষণের জন্য সকল প্রকার যন্ত্র এবং রাসায়নিক দ্রব্যাদির সরবরাহ;
(জ) সঙ্গানিরোধকালীন জাত বা প্রজাতি বিবেচনায় মৎস্যখাদ্য ও রোগভেদে একোয়াটিক ভেটিরিনারি ঔষধ সংরক্ষণ ও সরবরাহের ব্যবস্থা ;এবং
(ঝ) উপযুক্ত জ্ঞানসম্পন্ন ও দক্ষ লোকবল।
(১২) জাতি সংঘের খাদ্য ও কৃষি সংস্থা এবং ওয়ার্ল্ড এনিম্যাল হেল্থ (OIE) এর গাইড লাইন অনুসারে মহাপরিচালক সঙ্গানিরোধ স্টেশন নির্মানকালে কাঠামো, উহার আকার, যে কোন সুবিধাদি অন্তর্ভূক্ত করিতে পারিবেন এবং উহা বা উহার অভ্যন্তরে প্রতিটি কাজ (operation) বিবেচনা করিয়া উহা পরিচালনার জন্য নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত করিয়া একটি ম্যানুয়াল এবং প্রয়োজনীয় আদর্শ পরিচালনা পদ্ধতি [Standard Operation Procedure (SOP)] প্রস্তুত করিবেন।
(ক) মৎস্যের প্রজাতি ভিত্তিক সঙ্গানিরোধকাল,
(খ) পদ্ধতি পরিচালনার আদর্শ মান
(গ) বর্জ্য ব্যবস্থাপনা
(ঘ) নিষ্কাসিত পানি নির্বীজকরণ ও নিষ্পত্তি
(ঙ) অন্তঃপ্রবাহি পানি শোধন
(চ) যন্ত্রাদি নির্বীজকরণ
(ছ) মৃত প্রাণি নিষ্পত্তিকরণ
(জ) প্যাকেট নিষ্পত্তিকরণ
(ঝ)পরিস্কার -পরিচ্ছন্নতা (Cleanliness and sanitation)
(ঞ) জীবিত মৎস্য হ্যান্ডিলিং
(ট) বহিঃ রোগের প্রকোপ
(ঠ) রেকর্ড ব্যবস্থাপনা
(ড) চৌবাচ্চা তথ্য শীট
(ঢ) ভৌত ও জৈব নিরাপত্তা ব্যবস্থাপনা
(ণ) সঙ্গানিরোধ সনদ বা স্বাস্থ্য সনদ ।
(১৩) মহাপরিচালক প্রজ্ঞাপন জারির করিয়া সঙ্গানিরোধ ব্যবস্থাপনার জন্য উপযুক্ত অন্য যে কোন ব্যবস্থা গ্রহণ বা কাজ সম্পদনের জন্য লিখিত আদেশ প্রদান করিতে পারিবেন।
(১৪) সঙ্গানিরোধ স্টেশনের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সঙ্গানিরোধকাল অতিক্রান্ত হইলে সঙ্গানিরোধের অধীন ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে

মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূর পর্যবেক্ষনে প্রাপ্ত স্বাস্থ্যগত তথ্যের উপর ভিত্তি করিয়া উপবিধি (৩) মোতাবেক নির্ধারিত সঙ্গনিরোধ সনদ প্রস্তুত করিয়া উহার কপি নিজ অফিসে সংরক্ষন করিয়া আমদানীকারকের নিকট প্রদান করিবেন এবং একটি কপি এক্তিয়ারসম্পন্ন সঙ্গনিরোধ কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(১৫) সঙ্গনিরোধ অফিসারের দপ্তর এবং সঙ্গনিরোধ স্টেশন পৃথক দপ্তর হিসাবে গণ্য হইবে এবং সরকার অধিদপ্তরের বিদ্যমান জনবল হইতে দক্ষ অফিসার ও কর্মচারি নিয়োগ করিবে যতক্ষণ না সঙ্গনিরোধ স্টেশন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভূক্ত হয় ও নিয়োগের শর্ত নির্ধারিত হয়।

(১৬) আমদানিকারী রপ্তানিকারী দেশের এক্রিডেটেড কোয়ারানটাইন স্টেশন বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে প্রস্তুতকৃত এই বিধির ফরমে স্বাস্থ্য সনদ বা কোয়ারা্নটাইন সনদ দাখিল সাপেক্ষে আমদানিকৃত ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড বা ক্ষেত্রমতে মৎস্যপণ্য এবং উপকারি জীবাণূ ছাড় করা হইবে।

তফসিল-১

**[বিধি ৩ দ্রষ্টব্য]**

**ব্রুড মৎস্য, পোনা, রেণু ও চিংড়ির পোস্ট লার্ভি ও প্যারেন্ট পোস্ট লার্ভি, নিষিক্ত ডিম্ব বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রয়োপ্রিজার্ভড**

| মৎস্য | সাধারণ নাম ও বৈজ্ঞানিক নাম |
|---|---|
| ব্রুড মৎস্য বা পোনা বা রেণু বা চিংড়ি | Nile Tilapia<br>(*Oreochromis niloticus*) |
| | Pangas<br>(*Pangasius pangasius*) |
| | Black Tiger Shrimp<br>(*Penaeus monodon*) |
| | Vannamei Shrimp<br>(*Litopenaeus vannamei*) |
| | Asian Sea-bass/ Coral<br>(*Lates calcarifer*) |

তফসিল-২

(বিধি ৩ দ্রষ্টব্য)

**উপকারী জীবাণু (Probiotics) :**

বৈজ্ঞানিক নাম

| বৈজ্ঞানিক নাম |
|---|
| *Bacillus subtilis,* |
| *Bacillus licheniformis* |
| *Bacillus megaterium* |
| *Bacillus polymyxa* |
| *Bacillus pumilus* |
| *Lactobacillus casei ,* |
| *Lactobacillus reuteri,* |
| *Lactobacillus rhamonosus,* |
| *Lactobacillus acidophilus* |
| *Lactobacillus bulgaricus* |
| *Lactobacillus delbrueckii* |
| *Thiobacillus ferroxidans* |
| *Thiobacilus thioxidans* |
| *Enterococcus diacetylactis,* |
| *Enterococcus faecium,* |
| *Sachromyces cerevisiae,* |
| *Sachromyces boulardii,* |
| *Aspergillus niger* |
| *Aspergillus Oryzae* |
| *Bifidobacterium bifidum,* |
| *Pediococcus acidilactici* |
| *Acetobacter Xylinum* |
| *Vibrio alginolyticus,* |
| *Nitrobacter* |
| *Nitrosomonas* |
| *Lactococcus lactis* |

| |
|---|
| *Rhodococcus sp.* |
| *Rhodobacter* sp. |
| *Rhodomonas sp.* |
| *Tetraselmis suecica* |
| *Trichoderma reesei* |

তফসিল-৩

(বিধি-৩ দ্রষ্টব্য)

| Sl.No. | General Name | Scientific name |
|---|---|---|
| 1. | Albino Rainbow Shark | *Labeo frenatus* |
| 2. | Emerald Cichlid/ Parrot Fish | *Cichlasoma temporalis* |
| 3. | Angel Fish | *Pterophyllum scalare* |
| 4. | Black Ghost | *Apteronotus albifrons* |
| 5. | Black Neon Tetra | *Hyphessobrycon herbertaxelrodi* |
| 6. | Black Ruby Barb | *Puntius nigrofasiatus* |
| 7. | Black Shark | *Labeo chrysophekadion* |
| 8. | Bleeding Heart Tetra | *Hyphessobrycon erythrostigma* |
| 9. | Blood Parrot Cichlids | *Cichlasoma synspilum* |
| 10. | Blue Betta | *Betta smaragdina* |
| 11. | Blue Discus | *Symphysodon aequifasciata axelrodi* |
| 12. | Blue Gourami | *Trichogaster trichopterus* |
| 13. | Blue Loach | *Botia rubripinnis* |
| 14. | Blue Oranda | *Carassius auratus* |
| 15. | Blue Powder Tang | *Acanthurus leucosternon* |
| 16. | Bubble Eye Gold | *Carassius auratus* |
| 17. | Butterfly Fish | *Chaetodon ephippium/* |
| 18. | Cardinal Tetra | *Paracheirodon axelrodi* |
| 19. | Celestial Gold | *Carassius auratus* |
| 20. | Clown Barb | *Barbodes everetti* |
| 21. | Clown Loach | *Botia macracantha* |
| 22. | Convict Cichlid | *Cichlasoma nigrofaciatum* |
| 23. | Damsel Fish | *Abudefduf bicolor* |
| 24. | Discus | *Symphysodon discus/* |
| 25. | Dwarf -chained Loach | *Botia sidthimunki* |
| 26. | Dwarf Cichlid | *Apistogramma luelingi* |
| 27. | Dwarf Gourami | *Trichogaster lalius* |
| 28. | Dwarf Rasbora | *Rasbora maculata* |
| 29. | Elegant Firefish | *Nemateleotris decora* |
| 30. | Fighting Fish | *Betta splendens* |

| | | |
|---|---|---|
| 31. | Fire Clown Fish | *Amphiprion melanopus* |
| 32. | Fire Goby | *Nemateleotris magnifica* |
| 33. | Firemouth cichlid | *Cichlasoma meeki* |
| 34. | Fliament Barb | *Barbus conchonius* |
| 35. | Flower horn | *Amphilophus labiatus* |
| 36. | Giant Gourami | *Osphronemus goramy* |
| 37. | Gold fish | *Carassius auratus* |
| 38. | Gold Spotted Tetra | *Hyphessobrycon griemi* |
| 39. | Golden Line Rasbora | *Rasbora agilis* |
| 40. | Green Line Rasbora | *Rasbora beauforti* |
| 41. | Green Neon Tetra | *Paracheirodon simulans* |
| 42. | Green terror | *Aequidens rivulatus* |
| 43. | Guppy | *Poecilia reticulata* |
| 44. | Harlequin Rasbora | *Rasbora heteromorpha* |
| 45. | High Fin Sucker | *Myxocyprinus asiaticus* |
| 46. | Humphead Wrasse | *Cheilinus undulatus* |
| 47. | Koi Carp | *Cyprinus carpio* |
| 48. | Lemon Tetra | *Hyphessobrycon pulchripinis* |
| 49. | Longfin Rosy Barb | *Barbus conchonius* |
| 50. | Molly/Live Bearers | *Poecilia latipinna* |
| 51. | Moonlight Gourami | *Trichogaster microlepis* |
| 52. | Neon Tetra | *Paracheirodon innesi* |
| 53. | Orange Clown Fish | *Amphiprion percula* |
| 54. | Orange -finned | *Loach Botia modesta* |
| 55. | Oscar Cichild | *Astronotus ocellatus* |
| 56. | Peacock bass | *Cichlasoma ocellaris* |
| 57. | Pearl Gourami | *Trichogaster leeri* |
| 58. | Pearl Scale Gold | *Carassius auratus* |
| 59. | Phantom Tetra | *Hyphessobrycon megalopterus* |
| 60. | Platy Xiphophorus | *maculatus* |
| 61. | Rainbow Shark | *Labeo erythrurus* |
| 62. | Red & White | *Ryukins Carassius auratus* |
| 63. | Red Cap Oranda | *Carassius auratus* |
| 64. | Red Oranda | *Carassius auratus* |
| 65. | Red Parrot | *Hoplarchus psittacus* |
| 66. | Red Ryukins | *Carassius auratus* |
| 67. | Red terror | *Cichlasoma festae* |
| 68. | Redtail Black Shark | *Labeo bicolor* |
| 69. | Redtail Rasbora | *Rasbora borapetensis* |

| | | |
|---|---|---|
| 70. | Rosy Tetra | *Hyphessobrycon ornatus* |
| 71. | Royal Angelfish | *Pygoplytes diacanthus* |
| 72. | Scissortail Rasbora | *Rasbora trilineata* |
| 73. | Serpae Tetra | *Hyphessobrycon serpae* |
| 74. | Short Tail | *Betta imbellis* |
| 75. | Silver Loach | *Botia lecontei* |
| 76. | Silver Shark | *Balantiocheilos melanopterus* |
| 77. | Skunk Loach | *Botia morleti* |
| 78. | Slender Gold Rasbora | *Rasbora einthovenii* |
| 79. | Snake Skin Gourami | *Trichogaster pectoralis* |
| 80. | Sunset Anthias | *Pseudanthias parvirostris* |
| 81. | Sword Tail | *Xiphophorus helleri* |
| 82. | Texas Cichlid | *Cichlasoma carpinte* |
| 83. | Thick-lipped Gourami | *Trichogaster labiosa* |
| 84. | Tiger Barb | *Puntius tetrazona* |
| 85. | Tinfoil Barb | *Puntius schwanenfeldi* |
| 86. | Trout Cichlid | *Cichlasoma citrinellum* |
| 87. | Twotone Tang | *Zebrasoma scopas* |
| 88. | Yellow Face Angelfish | *Pomacanthus xanthometopon* |
| 89. | Yellowtail Emperor | *Lethrinus crocineous* |
| 90. | Yellowtail Rasbora | *Rasbora dusonensis* |
| 91. | Zebra Barb | *Rasbora pauciperforata* |
| 92. | Zebra Loach | *Botia striata* |

তফসিল-৪

ফরম-১

(বিধি ১১ দ্রষ্টব্য)

**ব্রুড মৎস্য বা মৎস্য বীজ বা বাহারি মৎস্যের  বা ডিম্বাণু বা শুক্রাণু বা টিস্যু বা ক্রায়োপ্রিজার্ভড আমদানি অনাপত্তিপত্রের জন্য আবেদন।**

**(Application for No Objection Certificate to import Brood fish/Fish seed/Ornamental fish/ Ovum/semen/Sissue/Cryopreserved)**

বরাবর

মহাপরিচালক/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা
মৎস্য অধিদপ্তর
-------------------------------------

বিষয়: ....................................... আমদানির অনাপত্তিপত্রের জন্য আবেদন।

Rbve,

আমি নিম্নবর্ণিত ব্রুড মৎস্য / মৎস্য বীজ / বাহারি মৎস্য / ডিম্বাণু /শুক্রাণু / টিস্যু / ক্রায়োপ্রিজার্ভড আমদানির উদ্দেশ্যে মৎস্য সঙ্গনিরোধ বিধিমালা ২০২৩ এর বিধি - মোতাবেক আমদানি অনাপত্তিপত্র প্রদানের জন্য অনুরোধ করিতেছি।

১. ব্রুড মৎস্য / মৎস্য বীজ / বাহারি মৎস্য / ডিম্বাণু /শুক্রাণু / টিস্যু / ক্রায়োপ্রিজার্ভড এর -

| সাধারণ নাম | বৈজ্ঞানিক নাম |
|---|---|

২. (ক) প্রতিটির আকার/ওজন বা গড় আকার /ওজন (গ্রাম/মিলিমিটার)-

(খ) মোট যে পরিমানে বা সংখ্যক আমদানি করা হইবে (গ্রাম/কিলোগ্রাম/মিলিমিটার/সেন্টিমিটার)-

(গ) বয়স (দিন)-

৩. আমদানিকারী হ্যাচারির নাম, ঠিকানা ও রেজিস্ট্রেশন নং/গবেষণা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা-

৪. উৎপাদানকারী হ্যাচারি বা প্রতিষ্ঠানের / প্রক্রিয়াকরণ ল্যাবরেটরির নাম ও ঠিকানা (ওয়েব সাইট ও ইমেইলসহ) :

৫. রপ্তানিকারকের নাম ও ঠিকানা (ওয়েব সাইট ও ইমেইলসহ) :

৬. শিপিং ও বাংলাদেশে বন্দরে আগমনের সম্ভাব্য তারিখ :

৭. আমদানির উদ্দেশ্য ( পোনা/রেণু/চিংড়ির পিএল বা পিপিএল/অন্যান্য যদি থাকে) :

৮. পরিবহণের ধরণ (বিমান/সামুদ্রিক জাহাজ/ট্রাক বা কাভার্ড ভ্যান/রেল ):

৯. (ক) বহির্গমন বন্দর : (খ) আগমন বন্দর :

১০. আমদানিকারী এজেন্ট নিয়োগ করিলে উহার নাম ও ঠিকানা:

১১. যে ঠিকানায় বা ইমেইলে অনাপত্তিপত্র পাইতে ইচ্ছুক:

১২. সর্বশেষ যে তারিখে যে পরিমান ব্রুড মৎস্য / মৎস্য বীজ / বাহারি মৎস্য / ডিম্বাণু /শুক্রাণু / টিস্যু / ক্রায়োপ্রিজার্ভড / মৎস্যপণ্য / উপকারি জীবাণু আমদানি করা হইয়াছে:

১৩. রপ্তানিপূর্ব রপ্তানিকারী দেশের সরকার স্বীকৃত স্বাস্থ্যসনদ ইস্যুকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (ওয়েবসাইটসহ):

সংযুক্তি: ক) হ্যাচারির রেজিস্ট্রেশন সনদের কপি।

খ) আমদানিকারীর বৈধ লাইসেন্সের কপি।

গ) উৎপাদনকারী বা রপ্তানিকারী প্রতিষ্ঠানের ব্রুড মৎস্য / মৎস্য বীজ / বাহারি মৎস্য / ডিম্বাণু /শুক্রাণু / টিস্যু / ক্রায়োপ্রিজার্ভড / মৎস্যপণ্য / উপকারি জীবাণু এর উপর উৎপাদন,লালনপালন, সংরক্ষন ও ব্যবস্থপনা সংক্রান্ত ব্রোশিওর বা প্রকাশনা।

ঘ) স্বাস্থ্য সনদের নমুনা কপি।

আমি বা আমরা আমদানিকৃত ব্রুড মৎস্য / মৎস্য বীজ / বাহারি মৎস্য / ডিম্বাণু /শুক্রাণু / টিস্যু / ক্রায়োপ্রিজার্ভড / মৎস্যপণ্য / উপকারি জীবাণু যে উদ্দেশ্যে আনয়ন করা হইয়াছে উহা ভিন্ন অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা হইবে না এবং মৎস্য সঙ্গনিরোধ আইন ২০১৮ বা এই বিধির বা দেশে বলবৎ অন্য কোন আইনের বিধান মানিয়া চলিতে বাধ্য থাকিব।

আমদানিকারি/প্রতিনিধির স্বাক্ষর ও সিল

তারিখ:

**ফরম -২**

[বিধি ১১ `দ্রষ্টব্য"]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর/-------------------------
মৎস্য ভবন, রমনা, ঢাকা/---------------------

**আমদানি অনাপত্তিপত্র**

**নং:-------------** তারিখ:

**প্রাপক:**

মৎস্য সঙ্গনিরোধ বিধিমালা, ২০২০ এর বিধি ৪(৩) মোতাবেক এতদ্দারা জনাব/..................................মেসার্স...........................................ঠিকানা:.....................................................কে নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে নিম্নবর্ণিত মৎস্য, মৎস্যপণ্য, উপকারী জীবাণূ বা প্যাকিং দ্রব্যাদি/কনসাইনমেন্ট আমদানি করিবার অনুমতি দেওয়া হইল:'0

পরিবহনের ধরণ:

.........................................................................................

আমদানিকারকের নাম ও ঠিকানা:

.........................................................................

উৎপাদনকারী

দেশ: .................................................................................

পুনঃরপ্তানিকারক দেশ (প্রযোজ্য ক্ষেত্রে):

..............................................................

প্রবেশ

বন্দর: .................................................................................

পরিমাণ, প্যাক সাইজ:

.........................................................................................

১. এই আমদানি অনুমতিপত্র প্রদানের তারিখ হইতে ছয় (৬) মাসের মধ্যে মৎস্য ও মৎস্য জাত দ্রব্যাদি/কনসাইনমেন্ট আমদানি করিতে হইবে।

২. আমদানিকৃত দ্রব্যের উৎপাদনকারী/প্রযোজ্য ক্ষেত্রে, পুনঃরপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এই মর্মে মৎস্য স্বাস্থ্য সনদপত্র থাকিতে হইবে যে, উক্ত মৎস্য, মৎস্যপণ্য, উপকারী জীবাণূ বা প্যাকিং দ্রব্যাদি সম্পূর্ণভাবে ক্ষতিকর জীবানু ও রোগ বালাই মুক্ত করা হইয়াছে।

৩. দেশের অভ্যন্তরে প্রবেশের পূর্ব কনসাইনমেন্টটি পরীক্ষাপূর্বক ক্ষতিকর জীবাণূ ও রোগ বালাই হইতে মুক্ত পাওয়া গেলে ছভাড়করণ করা হইবে অন্যাথায় ........................ কেন্দ্র এর মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তা পরীক্ষাপূর্বক বা শোধনের পর ছাড়পত্র প্রদান করিবেন অথবা আমদানিকারকে ফেরৎ পদ্রান করিবেন অথবা আমদানির শর্ত পূরণ করিতে ব্যর্থ হইলে মৎস্য সঙ্গনিরোধ আইন, ২০১৮ অনুযায়ী আটক, বাজেয়াপ্ত করিবার বা ধ্বংস, অপসারণ বা প্রয়োজনীয় অন্য যে কোন ব্যবস্থা গ্রহণ করিবার নির্দেশনা প্রদান করা যাইবে। উক্ত প্রক্রিয়ার যাবতীয় খরচ আমদানিকারকে বহন করিত হইবে।

৪. নিম্নবর্ণিত অতিরিক্ত শর্তাবলি মৎস্য স্বাস্থ্য সনদপত্রে উল্লেখ থাকিতে

:.....................

৫। .............................................................................

তারিখ

উপ-পরিচালক

স্বাক্ষর

ও সীল

বরাবর

কমিশনার / যুগ্ম কমিশনার / উপ-কমিশনার / সহকারী কমিশনার, কাস্টম হাউজ,
........................

অনুলিপি:

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ।

৩। জনাব/মেসার্স......................... ...

ফরম-৩

[বিধি ৪(৩) (ক) দ্রষ্টব্য]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

**আমদানি অনাপত্তিপত্র (গবেষণা এবং শিক্ষামূলক কাজের জন্য)**

পত্র নং-------------------------- তারিখ: ......................

প্রাপক: ................................

সূত্র: ................................... তারিখ: ..............................

মৎস্য সঙ্গনিরোধ বিধিমালা, ২০২০ এর বিধি ৪(৩) (ক) মোতাবে ক এতদ্দ্বারা জনাব/মেসার্স.....................
ঠিকানা.......................................................... কে নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে নিম্নবর্ণিত মৎস্য, মৎস্যপণ্য, উপকারী জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি কনসাইনমেন্টটি করিবার অনুমতি দেওয়া হইল।

পরিবহণের ধরণ: ...........................................................................................

কনসাইনারের নাম ও ঠিকানা: ..............................................................................

উৎপাদনকারী দেশ: .......................................................................................

প্রবেশ পথ: ...................................................................................................

গবেষণা এবং শিক্ষামূলক কাজের জন্য মৎস্য, মৎস্যপণ্য, উপকারী জীবাণু বা প্যাকিং দ্রব্যাদি মৎস্য চাষ বা অন্যান্য কাজের জন্য আমদানি করা হইবে উহার নাম: ........................................................

মাছের প্রজাতির বর্ণনা (সাধারণ এবং বৈজ্ঞানিক নাম): ..................................................(সুনির্দিষ্ট)
...............................................................................................................

পরিমাণ (ওজন/সংখ্যা): ....................................................................................

১. আমদানি অনাপত্তিপত্র অনুমোদনের তারিখ হইতে ০৬ (ছয়) মাসের মধ্যে দ্রব্যটি আমদানি করিতে হইবে।
২. আমদানিকৃত দ্রব্যের উৎপাদনকারী দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মৎস্য স্বাস্থ্য সুরক্ষা সনদপত্রে উল্লেখ থাকিতে হইবে যে, উক্ত দ্রব্যটি সম্পূর্ণরূপে অতিরিক্ত ঘোষণাপত্রে উল্লিখিত ক্ষতিকর জীবাণু ও বালাই মুক্ত অথবা উক্ত দ্রব্যাদির উৎপাদনকারী দেশে নিম্নবর্ণিত রোগবালাই এর উপস্থিতি নাই।

(i).................................................(ii)...........................................................
(iii)...........................................................................................................

১.আমাদানিকৃত দ্রব্য দেশের অভ্যন্তরে প্রবেশের পূর্বে প্রবেশ পথে নিয়োজিত মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তা কর্তৃক পরিক্ষীত হইতে হইবে এবং যদি আমদানি অনুমতিপত্রে উল্লিখিত শর্তাবলি রপ্তানিকারক দেশ কর্তৃক প্রদত্ত মৎস্য স্বাস্থ্য সুরক্ষা সনদপত্রের সহিত সামঞ্জস্যপূর্ণ হয় তাহা হইলে কনসাইনমেন্টটি ছাড়করণের উপযুক্ত বলিয়া গণ্য হইবে।

আমদানিকৃত দ্রব্যাদি/কনসাইনমেন্টটি হইতে নির্ধারিত প্রটোকল ও পদ্ধতির মাধ্যমে ল্যাবরেটরি পরীক্ষা এবং প্রবেশোত্তর সঙ্গানিরোধ পরীক্ষা করিবার জন্য নমুনা সংগ্রহ করিতে হইবে।

উপপরিচালক

স্বাক্ষর ও সীল

তারিখ:-----------------------------------------

বরাবর

কমিশনার / যুগ্ম কমিশনার / উপ-কমিশনার / সহকারী কমিশনার, কাস্টম হাউজ,
……………………….

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ।

২. জনাব/মেসার্স…………………….. ………………..